অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা 2022 সালে সমৃদ্ধ অভিজ্ঞতা প্রদান করবে ও কাউন্টি মেলাগুলোর মধ্যে বৃহত্তর পর্যায়ে সমন্বয়ের ব্যবস্থা করবে বলে গভর্নর হোচুলের ঘোষণা

মেলায় আগত ক্রেতা, বিক্রেতা, ও প্রদর্শকদের অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়তা করার জন্য আগামী বছর 13-দিন ব্যাপী চলার জন্য মেলা ফিরে আসবে

যুব ও কৃষি বিষয়ক কর্মসূচি; কাউন্টি মেলাগুলোর বিপণন ও প্রচারণা; এবং স্টেট মেলার ধূমপান সংক্রান্ত নীতিমালা উন্নত করার সুযোগ পর্যালোচনা করার জন্য গভর্নর নির্দেশ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা 2022 সালে 13-দিনব্যাপী আয়োজন হিসেবে ফিরে আসবে, যা 24 আগস্ট, বুধবার থেকে 5 সেপ্টেম্বর, সোমবার, শ্রম দিবস পর্যন্ত চলবে। 13-দিনব্যাপী আয়োজন হিসেবে ফিরে আসা মেলায় গমনকারী ব্যক্তিদের ও বিক্রেতাদের শুধু যে নিউ ইয়র্ক স্টেট মেলায় অংশগ্রহণের বৃহত্তর সুযোগ প্রদান করবে তাই নয়, বরং একই সময়সূচির মধ্যে থাকা স্টেটের বেশ কিছু কাউন্টি মেলায়ও অংশগ্রহণের সুযোগ করে দিবে।

এছাড়াও স্টেটের পরবর্তী মেলার মৌসুমে পদার্পণের এই সময়ে নিউ ইয়র্কের সব মেলার জন্য সহায়তা, সমৃদ্ধি ও পুনরুজ্জীবিতকরণের সুযোগ মূল্যায়নের জন্য গভর্নর একটি পর্যালোচনা সম্পন্ন করার নির্দেশ দিয়েছেন। কাউন্টি মেলার বিপণন ও প্রচারণা বৃদ্ধির পাশাপাশি স্টেট মেলা সহ স্টেটজুড়ে আয়োজিত সকল মেলায় যুব ও কৃষি বিষয়ক কর্মসূচির উদ্যোগসমূহ উন্নত করার উপায় মূল্যায়নের জন্য কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল কাউন্টি মেলাগুলোর সাথে কাজ করবেন। এই পর্যালোচনায় মেলায় গমনকারীদের মতামত ও অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে স্টেট মেলার ধূমপান সংক্রান্ত নীতিমালাও পরীক্ষা করা হবে।

"অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা আমাদের সবার বাড়ি মনে করা এই চমৎকার জায়গাটির জন্য একটি উদযাপন, এবং এবছরের মেলাও ভিন্ন কিছু ছিল না, যা সবার জন্য একটি নিরাপদ ও আনন্দের কর্মসূচি আয়োজনের ব্যবস্থা করেছে," **বলেছেন গভর্নর হোচুল।** "আগামী বছর 13-দিনব্যাপী আয়োজন হিসেবে ফিরে আসাটা মেলায় গমনকারীরা যাতে আরো একবার নিউ ইয়র্ক স্টেট মেলায় তাদের সব প্রিয় শো, প্রদর্শনী, বিক্রেতা ও আকর্ষণের অভিজ্ঞতা নিতে পারে তা

নিশ্চিত করবে, এবং সেইসাথে আমাদের কাউন্টি ও যুব মেলার মধ্যে অধিকতর সমন্বয়েও সহায়তা করবে। এটি আরো বেশি সংখ্যক কমিউনিটির জন্য বর্ধিত অর্থনৈতিক সুফল নিয়ে আসবে এবং স্টেটজুড়ে কৃষি ও বিনোদনের সেরা অভিজ্ঞতা উপভোগ করতে নিউ ইয়র্কবাসীদেরকে উৎসাহিত করবে। সব মেলায় সাহায্য ও সহায়তা করার জন্য, এবং সবাই যাতে উপভোগ করতে পারেন সেজন্য প্রত্যেকের স্বার্থের দিকে লক্ষ্য রেখে কাজ করতে আমরা প্রস্তুত আছি।"

180-বছরের পুরোনো এই স্টেট মেলার ব্যাপ্তি গত শতাব্দীব্যাপী ক্রমাগত বৃদ্ধি পেয়ে শ্রম দিবসের দিনে এটির ঐতিহ্যবাহী শেষ দিন থেকে আগস্ট মাস পর্যন্ত বিস্তৃত হয়েছে। এই 13-দিন ধরে চলা মেলাটি মেলার সাম্প্রতিক পুনরুজ্জীবিতকরণের ভিত্তি হিসেবে ভূমিকা রেখেছে, যা সমৃদ্ধি ও মেলায় গমনকারীদের সন্তুষ্টি বৃদ্ধির কারণ হয়েছে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "এবছরের স্টেট মেলা নিউ ইয়র্ক স্টেট কী অফার করতে পারে তার সেরা দিকগুলো নিরাপদে তুলে ধরেছে, এবং এতটা সময় পার হয়ে যাওয়ার পরে আয়োজিত হওয়ায় বাড়তি বিশেষত্বের অনুভূতি দিয়েছে। পরবর্তী বছরের জন্য পরিকল্পনা করতে গিয়ে আমাদের কর্মসূচি বর্ধিত করার সুযোগ পাওয়া নিয়ে, বিশেষ করে কৃষি ও যুবদের সম্পর্কিত ক্রিয়াকলাপের কথা ভেবে, ও এসব উদ্যোগের কিছু সংখ্যকের ক্ষেত্রে সমন্বয় করতে আমাদের কাউন্টি মেলাগুলোর সাথে কাজ করার সুযোগের কথা ভেবে আমরা রোমাঞ্চিত বোধ করছি। আমি ইতোমধ্যে 2022 সালে অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা ফিরে আসার প্রতীক্ষায় রয়েছি।"

মেলা পরিচালক ট্রয় ওয়াফনার বলেন, "2021 সালের মেলায় আমাদের অর্জন নিয়ে আমি গর্বিত, যা সফলতার সঙ্গে পারিবারিক আনন্দ, ঐতিহ্য, ও 2020 সালে আমরা সবাই যে সংযোগের অভাব বোধ করেছি তা ফিরিয়ে এনেছে। 13-দিনব্যাপী এই মেলার ফিরে আসার ফলে আমরা মেলায় গমনকারীদের জন্য কর্মসূচি আয়োজন করার ও আমাদের মেলার প্রধান অবলম্বন, আমাদের বিক্রেতাদের সহায়তা করার বাড়তি সামর্থ্য পাবো। এটি এমন একটি সিদ্ধান্ত যা আমাদেরকে আমাদের সংস্থানগুলো কেন্দ্রীভূত করার ও 2022 সালে সম্ভাব্য সেরা মেলার আয়োজন করার সুযোগ দেবে।"

সিনেটর জন ডব্লিউ. ম্যানিওন বলেন, "নিউ ইয়র্কের কৃষির প্রদর্শনী ও মুকুটের শিরোমণি হিসেবে ও স্টেটের সাংস্কৃতিক ঐতিহ্যের অংশ হিসেবে মেলাটি অন্য সবকিছুর থেকে আলাদা হয়ে ফুটে উঠা জরুরি। কয়েক দশক ধরে সেন্ট্রাল নিউ ইয়র্কের কর্মসন্ধানী মানুষেরা মেলার দুই সপ্তাহের কাজকে ঘিরে গ্রীষ্মকালীন পরিকল্পনা গ্রহণ করে আসছে। এটি স্পষ্ট যে মেলার ঐতিহ্যগত সময়সূচিতে ফিরে আসাটা সব স্টেকহোল্ডারের স্বার্থ রক্ষা করবে। একটি অপেক্ষাকৃত স্বল্প সময়ের ও উন্নত মানের মেলার আয়োজন করার দৃঢ় প্রতিজ্ঞ মনোভাব ও পরবর্তী বছর আসার আগেই এই সিদ্ধান্ত গ্রহণ করায় আমি গভর্নর হোচুলের প্রশংসা করি।"

সিনেটর মিশেল হিনচে বলেন, "এক শতকের বেশি সময় ধরে স্টেটের এই মেলা নিউ ইয়র্কের কৃষিকে উদযাপনের একটি আয়োজন হিসেবে ভূমিকা রেখে আসছে, এবং আমরা এই ঐতিহ্য আরো জোরালোভাবে অব্যাহত রাখতে চাই। স্টেটের এই মেলা 13-দিনে ফিরিয়ে আনাটা আমাদের 4-H শিক্ষার্থী, গবাদি পশু প্রদর্শনকারী, ও ক্ষুদ্র ব্যবসার মালিক, সবাই যাতে গ্রামীণ কমিউনিটির অর্থনীতির গুরুত্বপূর্ণ চালিকা শক্তিস্বরূপ তাদের নিজেদের টাউনের মেলাগুলোর

সময়সূচির সাথে প্রতিযোগিতা করা ছাড়াই এই মেলায় অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করার জন্য একটি সঠিক পদক্ষেপ। নিউ ইয়র্কের সমৃদ্ধ কৃষি শিল্পের পূর্ণ প্রদর্শনী দেখতে আসা মেলার দর্শকদের জন্য মেলায় ব্যয় করা প্রতিটি দিন মানসম্মত অভিজ্ঞতা বয়ে আনা উচিত। সম্ভাব্য সেরা অভিজ্ঞতা নিশ্চিত করতে মেলাটি সমন্বয় করায় আমি গভর্নর হোচুলের প্রতি কৃতজ্ঞ ও 2022 সালে মেলা পরিদর্শন করার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা ঐতিহ্যগতভাবে সিরাকিউসে গ্রীষ্মের অবসান নির্দেশ করে। যদিও আমরা বার্ষিক মেলার সাথে সংশ্লিষ্ট বিনোদন, খাবার ও বিভিন্ন ধরনের আকর্ষণ থেকে আনন্দিত হই ও সেগুলো উপভোগ করি, 18-দিন ধরে চলা মেলা ভেন্ডরদের ও কৃষকদের জন্য মানসিক চাপ সৃষ্টি করেছে, অন্যান্য কাউন্টির মেলার সাথে সাংঘর্ষিক হয়েছে, এবং সবশেষে এর প্রয়োজনই ছিল না। 13-দিনব্যাপী মেলায় ফিরে যাওয়ার মধ্য দিয়ে আমরা বর্ধিত উপস্থিতি দেখতে পাওয়ার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "অসাধারণ NYS মেলা আমাদের স্টেটকে, বিশেষ করে NY এর খাদ্য ও কৃষিকে তুলে ধরার জন্য একটি চমৎকার প্রদর্শনী। মেলাটি 13 দিনের ফরম্যাটে ফিরে আসবে শুনে আমি আনন্দিত। এটি 4-H এর মতো প্রদর্শনকারীদের সহ সংশ্লিষ্ট সবার জন্য উচ্চ মানের অভিজ্ঞতা নিশ্চিত করবে। আমি পরবর্তী বছরের মেলা উপভোগের মধ্য দিয়ে 1841 সালে শুরু হওয়া এই ঐতিহ্য অব্যাহত রাখার প্রত্যাশা করি।"

ওনোনডেগা কাউন্টির এক্সিকিউটিভ জে. রায়ান ম্যাকমাহন, II বলেন, "অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা আমাদের দেশের অর্থনৈতিক ও সাংস্কৃতিক জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশ। একই সাথে এটি সমগ্র স্টেটজুড়ে সুযোগ সৃষ্টি করে এমন মেলা ও উৎসবের বিস্তৃত ব্যবস্থার একটি অংশ। আমি মেলাটি 13 দিনে ফিরে আসা সমর্থন করি কারণ এটি সবার জন্য সবচেয়ে বিস্তৃত সুবিধা প্রদান করবে ও মেলাটিতে গুণগত মানের দিকে নজর দেয়ার সুযোগ করে দিবে।"

সিরাকিউসের মেয়র বেন ওয়ালশ বলেন, "এবছর একটি স্টেট মেলা আয়োজন করার দৃঢ় মনোবলের জন্য আমি মেলা পরিচালক ওয়াফনার ও তার টিমের প্রশংসা করি। তারা কোভিড-19 (COVID-19) থেকে সুরক্ষার জন্য সতর্কতামূলক পদক্ষেপসমূহ গ্রহণ করে এযাবতকালের দীর্ঘতম মেলার আয়োজন করেছেন," বলেছেন সিরাকিউসের মেয়র বেন ওয়ালশ। "আমি জানি ট্রয় ও তার টিম এবছরের কর্মসূচির সবকিছু পরিষ্কার-পরিচ্ছন্ন করা ও গোছানো শেষে পরবর্তী বছরের জন্য পরিকল্পনা শুরু করবে। আমি মনে করি গভর্নর হোচুল 13-দিনব্যাপী কর্মসূচি ফিরিয়ে আনার মাধ্যমে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। এটি এমন একটি ফরম্যাট যা লোকজনের অংশগ্রহণ করার ও সেরা অভিজ্ঞতা লাভের প্রচুর সুযোগ সৃষ্টি করে।"

শেনাংগো কাউন্টি ফেয়ার বোর্ড অব ডিরেক্টর্স-এর সদস্য ও নিউ ইয়র্ক স্টেটের কৃষি মেলা সম্পর্কিত সমিতির (Association of Agricultural Fairs) প্রেসিডেন্ট, জ্যাসন লরেন্স বলেন, "স্টেটের কৃষি মেলা সম্পর্কিত সমিতি গভর্নর হোচুলের এই সিদ্ধান্তের প্রশংসা করে। এটি মেলাগুলোর মধ্যে সংঘর্ষ কমাবে ও মেলাগুলোতে বিভিন্ন ধরনের বিক্রেতাদের উপস্থিতি নিশ্চিত করবে। এছাড়াও এটি কৃষি বিষয়ক প্রদর্শনকারীদের, বিশেষ করে তরুণ প্রদর্শনকারীদের তাদের নিজেদের কাউন্টির মেলা ও স্টেটের মেলা উভয়ের অংশ হওয়ার সুযোগ দিবে।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "স্টেটের ও কাউন্টির মেলাগুলো নিউ ইয়র্ক স্টেটের গ্রামীণ অভিজ্ঞতার একটি গুরুত্বপূর্ণ অংশ, এটি বিশেষ করে আমাদের তরুণদের শিক্ষামূলক কর্মসূচি ও গবাদি পশু পালনের মাধ্যমে বেড়ে উঠা ও শেখার সুযোগ করে দেয়। খামারে ও খামারের বাইরে শেখার সুযোগগুলো সমৃদ্ধ করার মাধ্যমে মেলায় গমনকারীদের কৃষির সাথে আরো ভালোভাবে সংযোগ করিয়ে দেয়ার উপায় অনুসন্ধান করায় আমরা গভর্নর হোচুলের প্রশংসা করি।"

চেস্টার'স গ্যাটর্স এন্ড ট্যাটার্স (Chester's Gators & Taters) এর ক্যামেরন মুরে বলেন, "13 দিনে ফিরে আসার এই পরিবর্তনের ব্যাপারে আমি রোমাঞ্চিত। এটি আমার কর্মচারীদেরকে, আমার নিজেকে ও আমার কোম্পানিকে আমাদের কার্যক্রম বিভক্ত করা অথবা নিউ ইয়র্কের একটি মেলা বাদ দিয়ে অন্যটি বেছে নেয়া ছাড়াই দেশের দু'টি বৃহত্তম মেলায় অংশগ্রহণের সুযোগ করে দেয়।"

প্যারাডাইজ কোম্পানিজ (Paradise Companies)-এর গ্র্যাজি জাজারা, ভিলা পিজে ফ্রিটে (Villa Pizze Fritte) ও অন্যান্য মেলা স্ট্যান্ডের অপারেটররা বলেন, "অসাধারণ নিউ ইয়র্ক স্টেট মেলা সবচেয়ে ভালোভাবে অনুষ্ঠিত হয় যখন এটি 13 দিন ধরে চলে। নতুন প্রশাসন পরিমাণের তুলনায় গুণগত মানের দিকে নজর দিচ্ছে দেখে আমি আনন্দিত। এটি সবার জন্যেই ভালো হবে এবং তারপরেও এই মেলা স্টেটের সর্ববৃহৎ ও গ্রীষ্মের সেরা উৎসব হবে।"

হেনরি'স হেন হাউজ (Henry's Hen House) এর কেভিন হেনরি বলেন, "এটিই সঠিক কাজ। আমরা 18 দিনে যা করবো তা 13 দিনেই করতে পারি। এটি আমাদেরকে আমাদের ব্যবসাগুলো আরো ভালোভাবে নিয়ন্ত্রণ করার এবং মেলায় গমনকারীদের জন্য সেরা কাজটুকু করার সুযোগ করে দিবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন